সংবাদ

তারিখ: 23-DEC-2015
পৃষ্ঠা: ১৭ কলাম: ৫

# শরণখোলার রসুলপুর নিম্ন মাধ্যমিক বিদ্যালয় মাধ্যমিকে উন্নীত

প্রতিনিধি, শরণখোলা (বাগেরহাট)

বাগেরহাটের শরণখোলা উপজেলার রায়েন্দা ইউনিয়নের রসুলপুর নিম্ন মাধ্যমিক বিদ্যালয়টি ২৫ বছর পর মাধ্যমিকে উন্নীত হয়েছে। সুন্দরবনের কোলঘেঁষা উপজেলার প্রত্যন্ত গ্রামে অবস্থিত এ বিদ্যালয়টি মাধ্যমিক হওয়ায় শিক্ষক, ছাত্রছাত্রী ও এলাকাবাসীর মাঝে আনন্দের জোয়ার বইছে। পিছিয়ে পড়া ওই এলাকার কৃতিসন্তান শিক্ষা কর্মকর্তা (মাধ্যমিক) মো. মাহফুজুর রহমান নয়নের দীর্ঘ প্রচেষ্টায় বিদ্যালয়টি মাধ্যমিকে উন্নীত হয়। ১৬ ডিসেম্বর এ উপলক্ষে এক আনন্দসভা ও একই সাথে মহান বিজয় দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বিদ্যালয়ের সভাপতি আ. হাই হাওলাদারের সভাপতিত্বে অনুষ্ঠি সভায় বক্তৃতা করেন প্রধান শিক্ষক বিকাশ কুমার সুতার, সাবেক ইউপি সদস্য মিজানুর রহমান মোল্লা, আ. রহমান মেম্বর, মিরাজ তালুকদার প্রমুখ। পরবর্তীতে দোয়া ও মোনাজাত শেষে মিষ্টি বিতরণ করা হয়।